

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৮২

(১ মুনাফিক ও তাদের হুকুম (১১ তুর্বিভয়ত وأحكامهم)

পরিচ্ছেদঃ ৫০/৫. আল্লাহ তা'আলার বাণীঃ আল্লাহ তাদেরকে শাস্তি দিবেন না যখন আপনি তাদের মধ্যে আছেন। (সূরা আনফাল ৮/৩৩)

في قوله تعالى وما كان الله ليعذبهم وأنت فيهم الآية

আরবী

حديث أنس بن مَالِك، قَالَ: قَالَ أَبُو جَهْلِ: اللهُمَّ إِنْ كَانَ هذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوِ الْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ فَنَزَلَتْ (وَمَا كَانَ اللهُ لِيُعَذَّبِهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللهُ لِيُعَذَّبِهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللهُ مُعَذَّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ وَمَا لَهُمْ أَنْ لاَ يُعَذَّبَهُمُ اللهُ وَهُمْ يَصِدُونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ) الآية

বাংলা

১৭৮২. আনাস ইবনু মালিক (রাঃ) বলেছেন, আবু জাহিল বলেছিল "হে আল্লাহ! যদি এ কুরআন তোমার পক্ষথেকে সত্য হয় তাহলে আমাদের উপর আসমান থেকে প্রস্তর বর্ষণ কর অথবা দাও আমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি।" এরপর অবতীর্ণ হল- আর আল্লাহ্ তো এরপ নন যে, তিনি তাদের শাস্তি দেবেন অথচ আপনি তাদের মধ্যে থাকবেন এবং আল্লাহ্ এমনও নন যে, তিনি তাদের শাস্তি দেবেন। এমন অবস্থায় যে তারা ক্ষমা প্রার্থনা করবে। আর তাদের এমন কী আছে যে জন্য আল্লাহ্ তাদের শাস্তি দেবেন না, অথচ তারা মসজিদে হারামে যেতে বাধা প্রদান করে?" (সুরাহ আনফাল ৮/৩২–৩৪)।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ৪, হাঃ ৪৬৪৯; মুসলিম, পর্ব ৫০; মুনাফিক ও তাদের হুকুম, অধ্যায় ৫, হাঃ ২৭৯৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন